# সোনালী ব্যাংক পিএলসি

***বিশ্বস্ত ও স্মার্ট***

## সরাইল শাখা, ব্রাহ্মণবাড়িয়া

ফোন/মোবাইলঃ ০১৭১৩২৫৬৯৫৭

ইমেইল- brsarail@sonalibank.com.bd

**অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ১২(৩) ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি।**

ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ মেসার্স হেলিম এন্ড ব্রাদার্স সেনেটারী, প্রোঃ রাসেল মৃধা, প্রাতঃবাজার সরাইল, ব্রাহ্মণবাড়িয়া। স্থায়ী ঠিকানাঃ সাংঃ স্বল্প নোয়াগাঁও, ডাকঘর- সরাইল-৩৪৩০, জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া।

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, এই শাখা হইতে গৃহীত উপরোক্ত ঋণগ্রহীতা/ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের ঋণ হিসাবে ৩০/০৬/২০২৫ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা ১১,৮৩,২৯৬/- টাকা (কথায়ঃ এগার লক্ষ তিরাশি হাজার দুইশত ছিয়ানব্বই টাকা) এবং আদায়কালতক অনারোপিত সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত এই শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্ন বর্ণিত বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি (নির্মাণাদিসহ) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধন ২০১০) এর ১২(৩)ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলাম ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্নিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে ঃ

**তফসিল**

| জেলা/ থানা/মৌজা/ জেএল নং | সম্পত্তির বিবরণ/ প্রকৃতি | খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ | মালিকের নাম | চৌহদ্দি |
|---|---|---|---|---|---|---|
| মৌজাঃ সরাইল<br>থানাঃ সরাইল<br>জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া<br>জে এল নং-<br>সাবেক-১৮১,<br>হালে-৪৯<br>জোত নং- ১০১৫৯। | নাল | সিএস- ৩৫১৩<br>এসএ - ৪০৬৪<br>বিএস-৩৮৫৫<br>খারিজী-৯৪১১ | সিএস-৫১৮৪<br>এসএ-৫১৮৪<br>বিএস-৫১০২ | ১৬.০০ শতক | আলতাব আলী | উঃ সিরাজুল ইসলাম<br>দঃ রাস্তা<br>পূঃ রোকন উদ্দীন<br>পঃ নিজ |

**শর্তসমূহ ঃ**

০১) আগামী ১৪/০৯/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সোনালী ব্যাংক পিএলসি., প্রিন্সিপাল অফিস, ব্রাহ্মণবাড়িয়ায় (আমিন কমপ্লেক্স, ৬ষ্ঠ তলা, কুমারশীল মোড়) ডেপুটি জেনারেল ম্যানেজার মহোদয়ের অফিসে রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে সোনালী ব্যাংক পিএলসি., প্রিন্সিপাল অফিস ব্রাহ্মণবাড়িয়ায় পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

| | আর্নেষ্ট মানি/ জামানতের পরিমাণ | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের -২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) | উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) | উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের -১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩) নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্রদাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিলভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমূদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে সম্পত্তির রেজিষ্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্রদাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/ মালামাল সংক্রান্ত সরকারী কর/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/ পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত মোবাইল নম্বর-০১৭১৩-২৫৬৯৫৭ অথবা সরাসরি যোগাযোগ করিতে পারিবেন।

(শেখ মাজহারুল হক)
ম্যানেজার

শেখ মাজহারুল হক
ম্যানেজার (এসপিও) জি-৩৭৬৪৫
সোনালী ব্যাংক পিএলসি
সরাইল শাখা, ব্রাহ্মণবাড়িয়া